


যুগান্তর

প্রশ্নপত্র ফাঁসসহ নানা অভিযোগ: খুলনায় 'থ্রি ডক্টরস' মেডিকেল কোচিং পরিচালক আটক

প্রকাশ : ১১ অক্টোবর ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

 খুলনা ব্যুরো



স্বাস্থ্য অধিদফতরের এক শ্রেণির অসৎ কর্মকর্তার সঙ্গে যোগসাজশে প্রশ্ন ফাঁসসহ বিভিন্ন অভিযোগে খুলনার আলোচিত মেডিকেল ভর্তি কোচিং 'থ্রি ডক্টরস' এ অভিযান চালিয়েছে খুলনা জেলা প্রশাসন। বৃহস্পতিবার দুপুর ১২টা থেকে বেলা আড়াইটা পর্যন্ত দু'জন ম্যাজিস্ট্রেটের নেতৃত্বে নগরীর ফুল মার্কেট সংলগ্ন জাহান মঞ্জিলে এ অভিযান পরিচালনা করা হয়।

অভিযানকালে কোচিং সেন্টারটির পরিচালক ডা. ইউনুস খান

তারিমকে জিজ্ঞাসাবাদের জন্য আটক করা হয়। আটক ডা. তারিম বাংলাদেশ মেডিকেল অ্যাসোসিয়েশন-বিএমএ সদস্য, স্বাধীনতা চিকিৎসক পরিষদের (স্বাচিপ) খুলনা জেলার সাংগঠনিক সম্পাদক ও খুলনা মেডিকেল কলেজ ছাত্রলীগের সাবেক সভাপতি। অভিযানকালে থ্রি ডক্টরস অফিসের সিসি ক্যামেরার ফুটেজ এবং কম্পিউটারের হার্ডডিস্ক জব্দ করা হয়।

একই সময় একই ভবনের তৃতীয় তলায় অবস্থিত বিজ্ঞান প্রযুক্তি লাইব্রেরি অফিসেও অভিযান চালানো হয়। এই অফিসও থ্রি ডক্টরস'র নিয়ন্ত্রণে ডা. রানা কর্তৃক পরিচালিত হয়। সূত্র জানান, বৃহস্পতিবার দুপুর ১২টার দিকে জেলা প্রশাসনের নির্বাহী ম্যাজিস্ট্রেট মো. মিজানুর রহমান এবং মো. ইমরান খানের নেতৃত্বে পুলিশ সদস্যরা এ অভিযানে অংশ নেন। কোচিং পরিচালক ডা. ইউনুস খান তারিম খুলনা মেডিকেল কলেজ হাসপাতালের মেডিকেল অফিসার।

পাশাপাশি কোচিংটি তিনি নিজেই পরিচালনা করেন। এছাড়াও নগরীর রয়েল মোড়ে 'ফাতেমা হাসপাতাল' নামে তার একটি ক্লিনিকও রয়েছে। তার স্ত্রীও নগরীর স্কুল হেলথ ক্লিনিকের একজন মেডিকেল অফিসার হিসেবে কর্মরত রয়েছেন। নির্বাহী ম্যাজিস্ট্রেট মো. মিজানুর রহমান জানান, ডা. তারিমকে জিজ্ঞাসাবাদের জন্য আনা হয়েছে। পরে বিস্তারিত জানানো হবে।

নির্বাহী ম্যাজিস্ট্রেট মো. ইমরান হোসেন বলেন, ১১ অক্টোবর (শুক্রবার) অনুষ্ঠিতব্য সরকারি ও বেসরকারি মেডিকেল কলেজের ভর্তি পরীক্ষাকে কেন্দ্র করে এক মাস দেশের সব কোচিং সেন্টার বন্ধ রাখার নির্দেশ দিয়েছে সরকার। কিন্তু সরকারি নির্দেশ উপেক্ষা করে থ্রি ডক্টরস খোলা রেখে পরিচালক শিক্ষার্থীদের নিয়ে ক্লাস চালাচ্ছেন।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।